

৫ টাকার নোটের নিরাপত্তা বৈশিষ্ট্যঃ



নোটের সম্মুখভাগ



নোটের পশ্চাত্ভাগ

- ০১। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান কর্তৃক স্বাক্ষরিত নোটটির আকার 117×60 মিঃমিঃ;
- ০২। নোটটি সিলিংটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত;
- ০৩। নোটটিতে নিম্নোক্ত জলছাপ বিদ্যমানঃ
 - জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি;
 - অতি উজ্জ্বলভাবে প্রদর্শিত নোটের মূল্যমান '৫' এর ইলেকট্রোটাইপ জলছাপ;
 - বঙ্গবন্ধুর প্রতিকৃতির বামপাশে প্রদর্শিত বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম যা প্রতিকৃতির তুলনায় উজ্জ্বল ।
- ০৪। নোটের বামদিকে বিদ্যমান ২ মিঃমিঃ চওড়া নিরাপত্তা সূতাটি নোটের কাগজের ভিতর প্রবিষ্ট যা আলোর বিপরীতে ধরে উভয় দিক হতে দেখা যাবে;
- ০৫। বঙ্গবন্ধুর প্রতিকৃতির বামপাশে সরু সরলরেখাটিতে 'BANGLADESH BANK' লেখাটি একাধিকবার মুদ্রিত আছে যা আতশি কাচের সহায়তায় দেখা যাবে;
- ০৬। নোটের বামপাশে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং মাঝখানে জাতীয় স্থূলিসৌধ হালকা রঙে মুদ্রিত;
- ০৭। নোটের পশ্চাত্ভাগে নওগাঁর কুসুম্বা মসজিদের ছবি মুদ্রিত ।